আমাদেরসময়

তারিখ ... 17 JAN 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ......

শিক্ষক-কর্মচারী ঐক্যজোট

# নতুন বেতন কাঠামোতে এমপিওভুক্তদের অন্তর্ভুক্ত করার দাবিতে কর্মসূচি

**নিজস্ব প্রতিবেদক ●**
অষ্টম জাতীয় বেতন কাঠামোতে এমপিওভুক্ত শিক্ষকদের বেতন, বাড়িভাড়া, চিকিৎসা-ভাতা, ইনক্রিমেন্ট প্রদানের দাবি পূরণ না হলে ১৫ মার্চ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে তালা ঝুলিয়ে দেওয়ার হুমকিসহ বিভিন্ন কর্মসূচির ঘোষণা দিয়েছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। গতকাল জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এসব কর্মসূচির ঘোষণা দেন সংগঠনটির নেতারা।

কর্মসূচির মধ্যে রয়েছে ১৯ জানুয়ারি শিক্ষক দিবসের আলোচনায় জাতীয় বেতন কাঠামোর দাবি, ২৩ জানুয়ারি উপজেলা ও ২৫ জানুয়ারি জেলা সদরে মানববন্ধন। ২ ফেব্রুয়ারি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে (ইউএনও) শিক্ষক-কর্মচারীদের স্মারকলিপি, ৮ ফেব্রুয়ারি জেলা প্রশাসককে স্মারকলিপি, ১৫ ফেব্রুয়ারি থেকে ১৪ মার্চ পর্যন্ত এসএসসি পরীক্ষার বিরতিকালীন বিভাগীয় ও জেলায় সমাবেশ। ১৫ মার্চ শিক্ষাপ্রতিষ্ঠানে তালা ঝোলানো কর্মসূচি এবং ২৭ মার্চ ঢাকায় মহাসমাবেশ। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে জানানো হয়, অতীতে যতবার জাতীয় বেতন কাঠামো ঘোষণা করা হয়েছে, ততবারই শিক্ষকদের স্বয়ংক্রিয়ভাবে বেতন প্রদান করা হয়েছে। কিন্তু অষ্টম জাতীয় বেতন কাঠামোতে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বিভিন্ন শর্তের বেড়াজালে আবদ্ধ করে বঞ্চিত করার পাঁয়তারা চলছে।

শিক্ষকদের বঞ্চিত করে সংবিধান লঙ্ঘন করলে শিক্ষকরা মেনে নেবে না হুশিয়ারি দিয়ে বলা হয়, অতীতে শিক্ষকরা যতবার রাজপথে নেমেছে ততবারই দাবি আদায় করে ঘরে ফিরেছে। কিন্তু এর জন্য জাতিকে চরম মাশুল গুনতে হয়েছে।